

দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওমানকল হোসেন মানিক মিয়া

ভূঞাপুরে জেএসসি'র দুই পরীক্ষার্থী বহিষ্কার

 ০৫ নভেম্বর, ২০১৮ ইং ০০:০০ মিঃ

ভূঞাপুর (টাঙ্গাইল) সংবাদদাতা

ভূঞাপুরে জেএসসি পরীক্ষায় নকলের দায়ে দুইজন শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। শনিবার অলোয়া মনিরুজ্জামান খান বিএম কলেজ ভেন্যু থেকে ওই দুই শিক্ষার্থীকে বহিষ্কার করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট ঝোটন চন্দ। বহিষ্কারকৃত দুই ছাত্রের একজন অর্জুনা মোহসীন বিদ্যালয়ের ভোকেশনাল শাখার শিক্ষার্থী এবং আরেকজন মনিরুজ্জামান খান বিএম কলেজের শিক্ষার্থী।

উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী অফিসার ঝোটন চন্দ জানান, জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ভোকেশনালের ইংরেজি পরীক্ষায় মনিরুজ্জামান খান বিএম কলেজ ভেন্যুতে বহিষ্কৃত ওই শিক্ষার্থীরা পরীক্ষা দিচ্ছিল। এ সময় তারা অসদুপায় অবলম্বন করে। পরে নকল করার দায়ে দুই শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত